দৈনিক ইনকিলাব

২৫১

তারিখ ... SEP 07 1999
পৃঃ ৩ ... ২

আজকালের মধ্যে লিয়াজোঁ কমিটি রিপোর্ট পেশ করবে

# চট্টগ্রাম ভার্সিটি খোলার ব্যাপারে ছাত্র সংগঠনের সাথে কর্তৃপক্ষের বৈঠক শেষ

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার লক্ষ্যে ছাত্র সংগঠনগুলোর সঙ্গে কর্তৃপক্ষের আলোচনার কর্মসূচী গতকাল (সোমবার) শেষ হয়েছে। ইসলামী ছাত্র শিবির গতকাল শেষদিনে আলোচনা বৈঠক বসেনি। ছাত্র ইউনিয়নের সঙ্গে নির্ধারিত বৈঠক গতকাল দুপুরে প্রক্টর অফিসে অনুষ্ঠিত হয়। সংগঠনের সাধারণ সম্পাদক রাহাত উল্লাহ জাহিদ বৈঠকে নেতৃত্ব দেন। নেতৃবৃন্দ ক্যাম্পাস বাস বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহারপূর্বক অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীসহ ৭ দফা দাবী পেশ করেন।

এদিকে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়াসহ ১০ দফা দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল ৫ দিনের কর্মসূচী ঘোষণা করেছে। গতকাল বিকেলে নাসিমন ভবনস্থ মহানগর কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় কর্মসূচী গৃহীত হয়। মোঃ সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সুজা উদ্দিন, শফিকুজ্জামান শহীদ, সাইফুর রহমান শপথ, সোহরাব হোসেন সোহেল প্রমুখ বক্তব্য রাখেন। সভায় বক্তাগণ বলেন, অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে ক্যাম্পাস বাস পুনরায় চালু করা না হলে কঠোর কর্মসূচী ঘোষণা করা হবে। সভায় আজ সমাবেশ ও মিছিল, আগামীকাল ও পরশু সাংবাদিক সম্মেলন, ১০ সেপ্টেম্বর মানববন্ধন ও ১১ সেপ্টেম্বর অভিভাবক সমাবেশের সিদ্ধান্ত নেয়া হয়।

বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে, লিয়াজোঁ কমিটি আজকালের মধ্যে রিপোর্ট দেবে। এরপর শীঘ্রই বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হবে। এ ব্যাপারে আগামীকাল (বুধবার) সিন্ডিকেট সভার সম্ভাবনা রয়েছে। আগামী ১৫ সেপ্টেম্বরের পর বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার সম্ভাবনা রয়েছে বলেও জানা গেছে।